গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লোহাগড়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫৫২.০০১.১৭.০০১.২৩- ৫৫

তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২৪

## "হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ,প্রশাসন-২ শাখার গত ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা, ০১ মার্চ, ২০১৬ তারিখের ৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.২০১০(অংশ-১)-৮৮ নং স্মারকের পরিপত্র মোতাবেক নিম্নবর্ণিত হাট বাজারসমূহ বাংলা ১৪৩১ সানের ইজারা প্রদানের জন্য আগ্রহী হাট বাজার ব্যবসায়ী ও ব্যক্তিবর্গের নিকট থেকে উল্লিখিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২। দরপত্র গ্রহণ:আবেদন ফরম জেলা প্রশাসক, নড়াইল মহোদয়ের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), লোহাগড়া, নড়াইল এর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা হতে বিকাল ৪টার মধ্যে) গ্রহণ করা যাবে।

৩। দরপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লোহাগড়া, নড়াইল এর কার্যালয়, জেলা প্রশাসক, নড়াইল মহোদয়ের কার্যালয়ে নির্ধারিত তারিখ ও সময়ে বেলা ১.০০টার মধ্যে সংরক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। একই দিন বেলা ৩.০০টায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। ইজারাযোগ্য হাট বাজারের নাম, সরকারি ইজারা মূল্য ও সিডিউলের মূল্য নিম্নের ছকে দেয়া হলো।

| ক্রঃনং | ইজারাযোগ্য হাট বাজারের নাম | বাংলা ১৪৩১ সানের সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য (প্রতিসেট) | হাট বাজার অবস্থিত ইউনিয়নের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | নলদী হাট বাজার | ১৯৭৪৫০/- | ১০০০/- | নলদী | |
| ০২। | মিঠাপুর হাট বাজার | ৬২৮১০০ | ২০০০/- | ঐ | |
| ০৩। | লাহুড়িয়া কালিগঞ্জ হাটবাজার | ১৮৫৭৩৫ | ১০০০/- | লাহুড়িয়া | |
| ০৪. | মন্ডলবাগ বাজার | ২৪২০০ | ৫০০/- | ঐ | |
| ০৫ | ছত্রহাজারী হাট বাজার | ৯৩৫০ | ৫০০/- | নোয়াগ্রাম | |
| ০৬। | ব্রাম্মনডাঙ্গা হাট বাজার | ৬৪৫৪ | ৫০০/- | ঐ | |
| ০৭। | মানিকগঞ্জ বাজার | ১৪১১৬ | ৫০০/- | ঐ | |
| ০৮ | কলাগাছি বাজার | ৬০৫০ | ৫০০/- | ঐ | |
| ০৯ | দিঘলিয়া বাজার | ২৪৭৫৫৫ | ১২০০/- | দিঘলিয়া | |
| ১০। | দিঘলিয়া পশু হাট | ৭২৬৯১৬ | ২২০০/- | ঐ | |
| ১১। | দিঘলিয়া ভ্যান সাইকেল হাট | ৬৪৯৫৬ | ৫০০/- | ঐ | |
| ১২। | বড়দিয়া হাট বাজার (লোহাগড়া অংশ) | ১৬৫০০০ | ১০০০/- | কোটাকোল | |
| ১৩। | ইতনা বাজার | ৪২৩৫০ | ৫০০/- | ইতনা | |
| ১৪। | রাধানগর হাট বাজার | ৫৬৯০৬ | ৫০০/- | ঐ | |
| ১৫। | এড়েন্দা হাট বাজার | ১৮৭০০০ | ১০০০/- | কাশিপুর | |

৪। দরপত্র সিডিউল গ্রহণ, দাখিল ও খোলার সময়সূচী ঃ

| দফা | আবেদন ফরম গ্রহণের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম দফা | ০৮/০২/২০২৪ হতে ২৫/০২/২০২৪ খ্রি. দুপুর ১.০০টা | ২৫/০২/২০২৪খ্রি. বেলা ২.০০ টা | ২৫/০২/২০২৪খ্রি. বিকাল ৩.০০ টা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় লোহাগড়া, নড়াইল। | |
| ২য় দফা | ২৭/০২/২০২৪ হতে ০৫/০৩/২০২৪ খ্রি. দুপুর ১.০০টা | ০৬/০৩/২০২৪ খ্রি. বেলা ২.০০ টা | ০৬/০৩/২০২৪ খ্রি. বিকাল ৩.০০ টা | | |
| ৩য় দফা | ০৭/০৩/২০২৪ হতে ১২/০৩/২০২৪ খ্রি. দুপুর ১.০০টা | ১৩/০৩/২০২৪ খ্রি. বেলা ২.০০ টা | ১৩/০৩/২০২৪ খ্রি. বিকাল ৩.০০ টা | | |
| ৪র্থ দফা | ১৪/০৩/২০২৪ হতে ২১/০৩/২০২৪ খ্রি. দুপুর ১.০০টা | ২২/০৩/২০২৪ খ্রি. বেলা ২.০০ টা | ২২/০৩/২০২৪খ্রি. বিকাল ৩.০০ টা | | |

**বাংলা ১৪৩১ সালের হাট-বাজার ইজারার শর্তাবলী :**

১। বাংলা ১৪৩১সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ০১(এক) বছর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা প্রদান করা হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিষ্কার না করলে, অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই এক সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পূণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দরদাতার দরপত্র গ্রহণ করা হবে। উক্ত দেয় দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পূণরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রতি হাট-বাজারের জন্য পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লীজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (আয়কর ও ভ্যাটসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১ দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট বাজারের ইজারার বকেয়া টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

02/28

(অনিমেষ বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
লোহাগড়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫৫২.০০১.১৭.০০১.২৩- ৫৫ (১০০)

তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। জেলা প্রশাসক, নড়াইল।
০২। পুলিশ সুপার, নড়াইল।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, নড়াইল।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।
০৫। মেয়র, লোহাগড়া পৌরসভা, লোহাগড়া, নড়াইল।
০৬। সহকারী কমিশনার (ভূমি), লোহাগড়া, নড়াইল।
০৭। অফিসার ইনচার্জ, লোহাগড়া থানা, নড়াইল।
০৮। উপজেলা ..................................... কর্মকর্তা/অফিসার, লোহাগড়া, নড়াইল।
০৯। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, লক্ষীপাশা শাখা, লোহাগড়া, নড়াইল।
১০। চেয়ারম্যান, ................................ইউনিয়ন পরিষদ, লোহাগড়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি হাট বাজারে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ............................ইউনিয়ন ভূমি অফিস, লোহাগড়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি হাট বাজারে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো
১২। জনাব ........................................................................ইজারাদার/প্রাক্তন ইজারাদার, ..........................হাট বাজার।
১৩ অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
লোহাগড়া, নড়াইল।